# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ শুভাশুভ, সাজসজ্জা, পানাহার ও বিবিধ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. রাসূলুল্লাহ (ﷺ)-এর একটিমাত্র জামা ছিল

আবু দারদা (রা) থেকে বর্ণিত হয়েছে:

لم يكن لرسول الله ﷺ إلا قميص واحد

“রাসূলুল্লাহ ﷺ-এর একটিমাত্র কামিস ছাড়া অন্য কোনো কামিস ছিল না।”[1]

হাদীসটির একমাত্র বর্ণনাকারী সাঈদ ইবনু মাইসারাহ মিথ্যা হাদীস বানিয়ে বলতেন বলে ইমাম বুখারী ও অন্যান্য মুহাদ্দিস উল্লেখ করেছেন।[2]

বিভিন্ন হাদীসের আলোকে মনে হয়, রাসূলুল্লাহ (ﷺ) বিভিন্ন প্রকারের জামা পরিধান করতেন। কোনোটির ঝুল ছিল টাখনু পর্যন্ত। কোনোটি কিছুটা খাট হাটুর নিম্ন পর্যন্ত ছিল। কোনোটির হাতা ছিল হাতের আঙ্গুলগুলোর মাথা পর্যন্ত। কোনোটির হাতা কিছুটা ছোট এবং কব্জি পর্যন্ত ছিল।

## ফুটনোট

[1] তাবারানী, আল-মু’জামুল আউসাত ৬/৩১; হাইসামী, মাজমাউয যাওয়াইদ ৫/১২১।

[2] যাহাবী, মীযানুল ই’তিদাল ৩/২৩৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4999

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন